

সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবিতে বায়োলজিক্যাল সায়েন্স বিষয়ক
কর্মশালা ও সেমিনার অনুষ্ঠিত**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) বায়োলজিক্যাল সায়েন্স বিষয়ক কর্মশালা ও সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (২১ নভেম্বর ২০২৪) সকালে বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলে (আইকিউএসি) 'অপরচুনিটিস ইন বিগ ডেটা ফর বায়োলজিক্যাল রিসার্চ' শীর্ষক কর্মশালা এবং বিকেলে নোবিপ্রবি কেন্দ্রীয় অডিটোরিয়ামে 'ট্রেডস ইন কাটিং-এডজ রিসার্চ ইন দ্যা ফিল্ড অফ মেডিসিন এন্ড বায়োলজিক্যাল সায়েন্স' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য বলেন, শিক্ষা ও গবেষণায় অর্থাৎ জ্ঞান অর্জন এবং জ্ঞান সৃষ্টির ক্ষেত্রে আমরা আমাদের শিক্ষার্থীদের সর্বাত্মক সহযোগিতা করবো। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়নে কাজ করবো। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের অর্গানগুলোকে আরও বেশি কার্যকর ভূমিকা পালন করতে হবে। আমাদের লক্ষ্য হবে নোবিপ্রবিকে একটি অনন্য উচ্চতায় নিয়ে যাওয়া। আমি আশা করবো আপনারা স্বনামধন্য বক্তাদের আলোচনা শুনবেন এবং সমৃদ্ধ হবেন।

বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ মফিজুল ইসলামের সভাপতিত্বে উভয় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ আতিকুর রহমান ভূঞা ও রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম। কর্মশালায় কী-নোট স্পীকার ছিলেন চট্টগ্রাম ভেটেরিনারি এন্ড এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের (সিভাসু) প্যাথলজি এন্ড প্যারাসাইটোলজি বিভাগের অধ্যাপক ড. এম এম জুনায়েদ সিদ্দিকী। সেমিনারে আলোচক হিসেবে ছিলেন ইসলামিক বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম, যুক্তরাষ্ট্রের সেন্ট লুইসে অবস্থিত ড্রাগ ইন্ডাস্ট্রি এন্ড রিসার্চ সেন্টারের ফার্মাসিউটিক্যাল কোয়ালিটি রিসার্চ ডিভিশনের গবেষক ড. ইয়াকুব জাকির, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব বায়োলজিক্যাল সায়েন্স এর ডিন অধ্যাপক ড. মোঃ আতিয়ার রহমান ও সিভাসুর প্যাথলজি এন্ড প্যারাসাইটোলজি বিভাগের অধ্যাপক ড. এম এম জুনায়েদ সিদ্দিকী। কর্মশালা ও সেমিনারে নোবিপ্রবির শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করেন।

উল্লেখ্য, নোবিপ্রবির বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং (বিজিই) ও বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি (বিএমবি) বিভাগ যৌথভাবে উক্ত কর্মশালা ও সেমিনার আয়োজন করে।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪